# সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়: সাওম সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ মাসআলা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন : তারাবীর সালাতের হুকুম কী?

জওয়াব: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উম্মতের জন্য তারাবীহকে সুন্নত করেছেন। তিনি তার সাহাবীদের নিয়ে তিন রাত্রি তারাবীহ আদায় করেছেন। উম্মতের ওপর ফরয হয়ে যেতে পারে এ আশঙ্কায় পরের দিন তিনি আর জামা‘আতের সাথে তারাবীহ আদায় করেননি। মুসলিমগণ আবু বকর রাদিয়াল্লাহু ‘আনহুর খেলাফতকাল ও উমার রাদিয়াল্লাহু ‘আনহুর খেলাফতের প্রথম দিকে এ অবস্থায়ই ছিল। এরপর উমার রাদিয়াল্লাহু ‘আনহু তামীম আদদারী রাদিয়াল্লাহু ‘আনহু ও উবাই ইবন কা‘আব রাদিয়াল্লাহু ‘আনহুর ইমামতিতে তারাবীহের জামা‘আতের ব্যবস্থা করেন। যা আজ পর্যন্ত কায়েম আছে। আলহামদুলিল্লাহ! এ তারাবীহের জামা‘আত শুধু রমযান মাসেই সুন্নাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11028

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন